

স্মারক নং: -০৫.৫৫.৩২৮২.০০০.১৮.০৭৪.১৫-

তারিখ: 31 ডিসেম্বর ২০১৫ খ্রি:


উপজেলা ইনোভেশন টিম, সাদুল্লাপুর, গাইবান্ধা এর ডিসেম্বর ২০১৫ মাসের অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি: মো. আব্দুল্লাহ আল মামুন তালুকদার
সভার তারিখ: ৩১-১২-২০১৫
সভার সময়: ১১.০০ ঘটিকা
সভার স্থান: উপজেলা নির্বাহী অফিসারের কক্ষ, সাদুল্লাপুর।

উপজেলা ইনোভেশন টিমের উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করা হয়। বর্তমান সরকারের ভিশন-২০২১ বাস্তবায়নে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে সরকারি সেবাসমূহ সহজীকরণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের উপর গুরুত্ব আরোপ করে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রম	প্রকল্পের নাম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	Digitalisation of UNO Office, Sadullapur, Gaibandha	এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থায়নের প্রকল্পটি বাস্তবায়নের লক্ষ্যে স্থানীয় সরকার মন্ত্রণালয়ের অনুমতির জন্য পত্র দেয়া হয়েছে। অনুমতি পাওয়া গেলে তদনুযায়ী কার্যক্রম গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।	স্থানীয় সরকার মন্ত্রণালয়ের অনুমতি পাওয়ার সঙ্গে সঙ্গে প্রকল্প বাস্তবায়নের কাজ শুরু করা হবে।	উপজেলা নির্বাহী অফিসার
০২	উপজেলা ভূমি অফিসের ই-রেজিস্টার (ডাক গ্রহণ)	ই-রেজিস্টার প্রস্তুত করা হয়েছে। কর্মচারীদের প্রশিক্ষণ প্রদানেক্রমে শীগ্রই ই-রেজিস্টার চালু করা হবে।	আগামী ০৭/০১/২০১৬ তারিখ হতে ই-রেজিস্টার চালু করা হবে।	সহকারী কমিশনার (ভূমি)
০৩	কৃষি কার্ড ডাটাবেইজ	ডাটাবেইজে প্রদেয় তথ্যের ছক এখনও পাওয়া যায়নি।	০৭/০১/ ২০১৬ তারিখের মধ্যে ডাটাবেইজে প্রদেয় তথ্যের ছক প্রেরণের জন্য তাগিদ দেয়া হল।	উপজেলা কৃষি অফিসার

পরিশেষে বিভিন্ন সরকারি দপ্তর ও ইউনিয়ন পর্যায়ে ওয়েব পোর্টালসমূহ হালনাগাদকরণ ও প্রকল্পসমূহ সূষ্ঠু বাস্তবায়ন করার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(মো: আব্দুল্লাহ আল মামুন তালুকদার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
উপজেলা ইনোভেশন অফিসার
সাদুল্লাপুর, গাইবান্ধা।
unosadullapur@gmail.com

বিতরণ:

....., সদস্য, উপজেলা ইনোভেশন টিম, সাদুল্লাপুর, গাইবান্ধা

অনুলিপি সদয় অবগতির জন্য

১. জেলা প্রশাসক, গাইবান্ধা
২. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) গাইবান্ধা ও জেলা ইনোভেশন অফিসার, গাইবান্ধা।